

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 25.10.2024**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ প্রবল ঘূর্ণিঝড় ‘দানা’, ঘন্টায় সর্বোচ্চ ১১০ কিলোমিটার বেগে ওড়িশা ও পশ্চিমবঙ্গের মধ্যবর্তী সমুদ্রতট অতিক্রম করেছে।

# এ রাজ্যে ঝড়ের প্রত্যক্ষ প্রভাব না পড়লেও, রাত থেকেই কলকাতা সহ জেলায় জেলায় শুরু হয়েছে বৃষ্টি।

২/ রাজ্যের ৬টি বিধানসভা আসনে উপনির্বাচনের প্রস্তুতি নিয়ে বৈঠক করেছেন উপনির্বাচন কমিশনার ধর্মেন্দ্র শর্মা।

৩/ রাজ্য মন্ত্রিসভা, স্বাস্থ্য দপ্তরে কর্মী নিয়োগ সহ একগুচ্ছ প্রস্তাবে ছাড়পত্র দিয়েছে।

৪/ উচ্চ প্রাথমিকে শিক্ষক নিয়োগের জন্য দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং প্রক্রিয়া শুরু হচ্ছে আগামী ১১ই নভেম্বর।

৫/ বাংলা অনূর্ধ্ব-১৯ ভীণু মানকড় ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে।

\*\*\*\*\*

প্রবল ঘূর্ণিঝড় ‘দানা’, ঘন্টায় সর্বোচ্চ ১১০ কিলোমিটার বেগে ওড়িশা ও পশ্চিমবঙ্গের মধ্যবর্তী সমুদ্রতট অতিক্রম করেছে। সেটি ঘন্টায় ১২ কিলোমিটার

গতিতে উত্তর-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে ধামারার ১৫ কিলোমিটার উত্তর এবং ভিতরকনিকার ৩০ কিলোমিটার উত্তর-উত্তর-পশ্চিমে অবস্থান করছে।

আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, বৃহস্পতিবার রাত ১১টা ১২ মিনিটে ঘূর্ণিঝড় আছড়ে পড়ার প্রক্রিয়া শুরু হয়েছে। এই সময় ঝড়ের গতিবেগ ঘণ্টায় ১০০ থেকে ১১০ কিলোমিটার। সর্বোচ্চ গতি রয়েছে ১২০ কিলোমিটার। আজ সকাল পর্যন্ত এই 'ল্যান্ডফল' প্রক্রিয়া চলবে। দুপুরের মধ্যে সেটি দুর্বল হয়ে ঘূর্ণিঝড়ের আকার নেবে বলে জানা গেছে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন-

( বাইট- হবিবুর )

'ল্যান্ডফল' প্রক্রিয়া শুরু হওয়ার পর ঝড়ের দাপট আরও বেড়ে গিয়েছে ওড়িশায়। রাজ্যের উপকূলেও ঝড়বৃষ্টি হচ্ছে। হান্কা থেকে মাঝারি বৃষ্টির খবর পাওয়া গেছে বাঁকুড়া, হাওড়া, ভুগলীতে।

এই ঝড়ের প্রভাবে রাজ্যে সবচেয়ে বেশী ক্ষয়ক্ষতির আশঙ্কা রয়েছে পূর্ব মেদিনীপুরে। মন্দারমণিতে বেশ কিছু গাছ পড়ার খবর মিলেছে। দীঘা, মন্দারমণির মতো পর্যটনকেন্দ্রগুলি খালি করে দেওয়া হয়েছে। স্থানীয়দের অন্যত্র সরিয়ে দেওয়া হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণার সাগর, নামখানা, পাথরপ্রতিমায় বেশ কিছু গাছের ডাল ভেঙেছে। ভারী বৃষ্টির সঙ্গে চলছে দমকা বাতাস। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- গৌতম )

ঘূর্ণিঝড়ের সতর্কতায় উত্তর ২৪ পরগণা জেলার পার্শ্ববর্তী এলাকা থেকে সয়ানো হয়েছে বহু মানুষকে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- পল্লব )

পশ্চিম মেদিনীপুরের ৫টি থানা এলাকাতেও ছিল প্রশাসনিক তৎপরতা। বড় কোনো ক্ষয়ক্ষতির খবর নেই বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

আজ'ও বেশ কয়েকটি এক্সপ্রেস ট্রেন বাতিল রয়েছে। এর মধ্যে রয়েছে পাটনা-এর্নাকুলাম এক্সপ্রেস, কলকাতা-পুরী স্পেশাল, মালদা টাউন-দীঘা এক্সপ্রেস, আসানসোল-হলদিয়া এক্সপ্রেস প্রভৃতি। দক্ষিণ পূর্ব রেল'ও আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে ১৭২ টি ট্রেন বাতিল করেছে। চালু হয়েছে বিশেষ হেল্পলাইন নম্বর'ও।

কলকাতা বিমানবন্দরে আজ সকাল ৯টা পর্যন্ত বন্ধ থাকছে বিমান ওঠানামা।

\*\*\*\*\*

পূর্ব বর্ধমান জেলায় ঘূর্ণিঝড় দানা-র প্রভাব পড়ার তেমন সতর্কবার্তা না থাকলেও, ঝোড়ো হাওয়া এবং বৃষ্টিতে আমন ধানের ক্ষতির আশঙ্কা করছেন কৃষকরা।

জেলায় ৩'লক্ষ ৭৭ হাজার হেক্টর জমিতে আমনের চাষ হয়েছে। ধানগাছ এখন ফলনের মুখে। এই অবস্থায় ঝোড়ো হাওয়া ও বৃষ্টিতে ফসল মাটিতে লুটিয়ে পড়ার আশঙ্কা করছেন কৃষকরা।

\*\*\*\*\*

সংবাদমাধ্যমে নিজের প্রচারের জন্য মুখ্যমন্ত্রী গতকাল সারারাত নবান্নে ছিলেন বলে বিজেপি দাবি করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, বামফ্রন্ট সরকার ৩৪ বছরে এবং তৃণমূল কংগ্রেস সরকার ১৩ বছরে রাজ্যে কোন বিপর্যয় মোকাবিলা বাহিনী গড়ে তুলতে পারেনি। তাই আমপানের সময় কলকাতা ও সল্টলেকে প্রচুর গাছ পড়ে যাওয়ায় সেগুলি তোলার জন্য প্রতিবেশী রাজ্য ওড়িশা থেকে বিপর্যয় মোকাবিলা বাহিনী আনতে হয়েছিল।

RGKar-এর ঘটনা থেকে নজর ঘোরাতে মুখ্যমন্ত্রী শুধুমাত্র এই নাটক করছেন বলে শ্রী অধিকারী দাবি করেন।

\*\*\*\*\*

রাজ্যের ৬ টি বিধানসভা আসনে উপনির্বাচনের প্রস্তুতি এবং নিরাপত্তা ব্যবস্থা নিয়ে উপনির্বাচন কমিশনার ধর্মেন্দ্র শর্মা গতকাল মুখ্য নির্বাচন আধিকারিক এর

দপ্তরে বৈঠক করেন। ঘূর্ণিঝড় দানার তান্ডবে ক্ষতিগ্রস্ত ভোটকেন্দ্রগুলি চটজলদি মেরামতিসহ বিকল্প ব্যবস্থা গ্রহণের উপর জোর দেওয়া হয়েছে। আসন্ন নির্বাচনে ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর মোতায়েনের আশ্বাস দেওয়া সত্ত্বেও ভোটে নিরাপত্তা নিয়ে বিরোধীদের অভিযোগের কি কারণ রয়েছে তা সংশ্লিষ্ট আধিকারিকদের কাছ থেকে জানতে চান শ্রী শর্মা। মুখ্য নির্বাচন আধিকারিক আরিজ আফতাব ও অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ধর দিল্লি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকে যোগ দেন।

\*\*\*\*\*

রাজ্যে, ৬টি বিধানসভা আসনের উপনির্বাচনে আজ মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন। এপর্যন্ত ২০ টি মনোনয়ন পত্র জমা পড়েছে বলে খবর।

সবক'টি আসনেই বিজেপি প্রার্থীরা মনোনয়ন জমা দিয়েছেন।

যদিও শাসক দল তৃণমূল কংগ্রেস এপর্যন্ত মনোনয়ন জমা দিয়েছে নৈহাটি ও হাড়োয়া বিধানসভা আসনে।

অন্যদিকে, কংগ্রেস হাড়োয়া, নৈহাটি, সিতাই এবং তালডাংরা কেন্দ্রে মনোনয়ন দাখিল করেছে।

CPIM ও ফরোয়ার্ড ব্লক যথাক্রমে তালডাংরা ও সিতাই আসনে মনোনয়ন দাখিল করেছে।

হাড়োয়া বিধানসভা কেন্দ্রে গতকাল মনোনয়ন পত্র জমা দেন বামফ্রন্ট সমর্থিত ISF প্রার্থী।

\*\*\*\*\*

কেন্দ্রীয় সরকার, প্রধানমন্ত্রী মুদ্রা ঋণ প্রকল্পে ঋণ দেওয়ার উর্ধ্বসীমা ১০ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ২০ লক্ষ টাকা করেছে। অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ কেন্দ্রীয় বাজেটে এই ঘোষণা করেছিলেন। আর্থিক পরিষেবা বিষয়ক দপ্তর এক সোশ্যাল মিডিয়া পোস্টে জানিয়েছে যে, এই প্রকল্পের আওতায় 'তরুণ প্লাস' নামে একটি বিভাগ

চালু করা হয়েছে, যারা আগের ঋণ সময়ে পরিশোধ করেছেন, তারাই ১০ লক্ষ থেকে ২০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা পাবেন।

\*\*\*\*\*

রাজ্য মন্ত্রিসভা স্বাস্থ্য দপ্তরে কর্মী নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। ১৮টি নতুন পদ ও ১৬ টি শূন্যপদে চিকিৎসক –সহ অন্যান্য স্বাস্থ্যকর্মী নিয়োগের সিদ্ধান্ত হয়েছে।

নবান্ন সূত্রে খবর, স্বাস্থ্য ছাড়া স্বরাষ্ট্র দপ্তরের কর্মবন্ধু\*\* প্রকল্পে ৫৭ জনকে নেওয়া হবে। জলসম্পদ দপ্তরে ৭ জন, অর্থ দপ্তরে ১ জন ও পরিবেশ দপ্তরে ১ জন– সব মিলিয়ে ১০০টি নতুন ও খালি থাকা পদে নিয়োগের অনুমতি দিয়েছে রাজ্য মন্ত্রিসভা। এছাড়াও কৃষিক্ষেত্রে ব্যয় করার জন্য রাজ্য কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাংককে দেড় হাজার কোটি টাকা ঋণ নেওয়ার অনুমতি দেওয়া হয়েছে মন্ত্রিসভায়। বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে দুর্গাপুরে ডিপিএল –এ ৬৬০ মেগা ওয়াটের সুপার ক্রিটিক্যাল বিদ্যুৎকেন্দ্র তৈরিতে অনুমোদন দিল মন্ত্রিসভা।

এছাড়াও নিউটাউনে ফিন্যান্সিয়াল হাবে HDFC ব্যাংক কর্তৃপক্ষকে প্রায় সাড়ে ৩ একর জমি লিজে দেওয়া হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গেছে।

গতকাল সরকারি জমি বেদখল হওয়া নিয়ে ক্ষোভ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। কোটি কোটি টাকা খরচ হলেও, কাজের কাজ কিছুই হচ্ছে না বলে তিনি মন্তব্য করেন বলেও খবর। এব্যাপারে কড়া ব্যবস্থা নেওয়ার জন্য মুখ্য সচিবকে নির্দেশ দিয়েছেন তিনি।

\*\*\*\*\*

উচ্চ প্রাথমিকে শিক্ষক নিয়োগের জন্য পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন আগামী ১১ই নভেম্বর থেকে দ্বিতীয় পর্যায়ে কাউন্সেলিং প্রক্রিয়া শুরু করবে। ২৭শে নভেম্বর পর্যন্ত এই প্রক্রিয়া চলবে বলে কমিশনের তরফে জানানো হয়েছে। তার জন্য গতকাল থেকেই প্রার্থীরা SSC-র অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে ইন্টিমেশন লেটার

ডাউনলোড করতে পারবেন। এই পর্বে ৮ হাজারের বেশি প্রার্থীকে ডাকা হতে পারে বলে সূত্রের খবর।

উল্লেখ্য, এর আগে কলকাতা হাইকোর্ট উচ্চ প্রাথমিকে শূন্য পদে চার সপ্তাহের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করার নির্দেশ দিয়েছে।

\*\*\*\*\*

ভুটান সীমান্ত লাগোয়া, জয়গাঁও শহরে ৭ বছরের এক নাবালিকাকে ধর্ষণ করে আগুনে পুড়িয়ে হত্যার ঘটনায় অভিযুক্ত বাবলু মিঞা, জাহিদুল ইসলাম, এবং মণির হোসেনকে সাত দিনের পুলিশ হেফাজত দিয়েছে আলিপুরদুয়ার অ্যাডিশনাল চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালত।

গত বুধবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নাবালিকার দেহের ময়নাতদন্ত করা হয়। ময়নাতদন্তের রিপোর্ট আসার পরেই, গণধর্ষণ করে খুন করা হয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হওয়া যাবে। তবে পুলিশ সূত্রের খবর, জেরায় ধর্ষণের কথা স্বীকার করেছে অভিযুক্তরা।

এদিকে, ফরেনসিক বিশেষজ্ঞদের একটি দল গতকাল অকুস্থলে যান। সেখান থেকে নমুনা সংগ্রহ করা হয়েছে।

\*\*\*\*\*

বাংলা অনূর্ধ্ব ১৯ ভিনু মানকড় ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে। রাজকোটে গতকাল সেমিফাইনালে বাংলা ১৩১ রানে ছত্তিশগড়কে হারিয়ে দিয়েছে।

বাংলা প্রথমে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৮ উইকেটে ২৮৫ রান তোলে। বিশাল ভাটি ১১১, অক্ষিত চ্যাটার্জী ৯২ রান করেছে। ছত্তিশগড়ের ইনিংস ৪১ ওভার দু'বলে ১৫৪ রানে শেষ হয়ে যায়।

শনিবার ফাইনালে বাংলা গুজরাতের বিরুদ্ধে খেলবে।

\*\*\*\*\*